**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 15-02-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, চলতি রাজ্য বাজেটের ৪০ শতাংশ অর্থই জনজাতিদের উন্নয়নে বরাদ্দ করা হয় |**

**(২) ভক্তি ও আধ্যাত্মিক ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে আজ সারা দেশের সঙ্গে রাজ্যেও মহাশিবরাত্রি** উৎসব **পালিত হচ্ছে।**

**(৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লিতে ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট এক্সপো ২০২৬-এর উদ্বোধন করবেন।**

**(৪) উদয়পুরে আয়োজিত তৃতীয় বর্ষ রঞ্জিত সিংহ রায় নকআউট ক্রিকেট টুর্নামেন্টে অজয় একাদশ চ্যাম্পিয়ান হয়েছে |**

*******************************************************

## Conference of ABVP- CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, দেশ গঠনে ছাত্রসমাজের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। আজ আগরতলার রবীন্দ্র শতবার্ষিকী ভবনে অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের উদ্যোগে আয়োজিত জনজাতি ছাত্রছাত্রীদের রাজ্যভিত্তিক সম্মেলনে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে, পড়াশোনার পাশাপাশি, শিক্ষার্থীদের মূল্যবোধ সম্পর্কে শেখানো প্রয়োজন। তিনি বলেন, শিক্ষিত যুবসমাজ বিশ্বের সবচেয়ে মূল্যবান সম্পদের মধ্যে একটি। বর্তমানে শিক্ষার সাথে প্রযুক্তি একীভূত হয়েছে এবং প্রধানমন্ত্রী ভারতকে একটি বিশ্বব্যাপী শিক্ষা কেন্দ্র হিসেবে গড়ে তোলার জন্য কাজ করছেন। ***

######### CM Byte-AI #########

মুখ্যমন্ত্রী বলেন, রাজ্য সরকার সময়োপযোগী এবং মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার জন্য বেশ কয়েকটি প্রকল্প বাস্তবায়ন করছে| মুখ্যমন্ত্রী ছাত্র ও যুব সমাজকে নেশা থেকে দূরে থেকে দেশ গঠনে অংশগ্রহনের পরামর্শ দেন। জনজাতিদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে তিনি জানান, রাজ্যের সামগ্রিক অগ্রগতি জনজাতিদের আর্থ-সামাজিক উন্নয়নের সাথে নিবিড়ভাবে জড়িত।

######### CM Byte-Janajati #########

সম্মেলনে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন উচ্চশিক্ষা মন্ত্রী কিশোর বর্মন, প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা, অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের সর্বভারতীয় সম্পাদক অখিলেশ সিং, অখিল ভারতীয় বিদ্যার্থী পরিষদের রাজ্য সভাপতি অধ্যাপক ডঃ দেবরাজ পানিগ্রাহী প্রমুখ।

*******************************

**Maha Shivratri:**

ভক্তি ও আধ্যাত্মিক ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে আজ সারা দেশে মহাশিবরাত্রি উৎসব পালিত হচ্ছে। বিভিন্ন মন্দিরে বিশেষ পূজার্চনা, প্রার্থনা এবং উপাসনা চলছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি মহাশিবরাত্রি উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। রাষ্ট্রপতি তাঁর বার্তায় প্রার্থনা করে বলেন, ভগবান শিবের কৃপা যেন সব নাগরিকের উপর বর্ষিত হয় এবং দেশ অগ্রগতির পথে অগ্রসর হয়। উপরাষ্ট্রপতি বলেন, কাশী থেকে রামেশ্বরম পর্যন্ত, এই পবিত্র উৎসব জাতির চিরন্তন এবং অবিচ্ছিন্ন আধ্যাত্মিক ঐতিহ্যের জীবন্ত প্রতীক হিসাবে দাঁড়িয়েছে। প্রধানমন্ত্রী শ্রী মোদী তাঁর বার্তায় আশা প্রকাশ করেছেন যে সমস্ত নাগরিক ভগবান শিবের

আশীর্বাদপ্রাপ্ত এবং দেশ সমৃদ্ধির শিখরে অধিষ্ঠিত। লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা এবং স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ মহাশিবরাত্রি উপলক্ষ্যে জনগণকে শুভেচ্ছা জানিয়েছেন।

সকাল থেকে দেশের বিভিন্ন শিব মন্দিরে ভক্তদের দীর্ঘ সারি দেখা যায়। ভগবান শিবের প্রার্থনায় ভক্তরা প্রয়াগরাজের গঙ্গা, যমুনা এবং সরস্বতী নদীর সঙ্গমে স্নান করছেন। প্রয়াগরাজের সঙ্গমে বার্ষিক মাঘ মেলা আজ মহা শিবরাত্রির শেষ আনুষ্ঠানিক স্নানের মাধ্যমে শেষ হবে।

******************************

**Maha Shivratri- State :**

রাজ্যেও আজ শ্রদ্ধা ও ভাবগম্ভীর পরিবেশে শিবচতুর্দশীর পূজার্চনা সুরু হয়েছে। বিভিন্ন শিব মন্দির ও শিববাড়িতে এই উপলক্ষে বিশেষ পূজার্চনার আয়োজন করা হয়েছে। উদয়পুরের মহাদেব বাড়ি, আগরতলার আসাম রাইফেলস শিববাড়ি, সেন্ট্রাল রোডস্থিত শিববাড়ি সহ নানা স্থানে শিববাড়িগুলিকে আলোকমালায় সাজিয়ে তোলা হয়েছে। ইতিমধ্যেই এই সব মন্দিরগুলিতে পূন্যার্থীদের সমাগম শুরু হয়েছে| তিথি অনুযায়ী এই পূজা উৎসব আগামীকালও চলবে|

******************************

**Hostel visit- Bikash Debbarma:**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ উত্তর জেলার দামছড়া জনজাতি ছাত্রী নিবাসটি পরিদর্শন করেন।পরিদর্শনকালে তিনি ছাত্রীদের সঙ্গে কথা বলে তাদের পড়াশোনা সহ অন্যান্য বিষয়ে খোঁজখবর নেন।জনজাতি কল্যাণমন্ত্রী জানান ছাত্র-ছাত্রীদের জন্যে পৃথক ১00 শয্যার আধুনিক হোস্টেল নির্মাণের কাজ

দ্রুত এগোচ্ছে। হোস্টেল পড়ুয়াদের খাদ্য ভাতা ১00 টাকা করা হয়েছে বলে তিনি জানান।

******************************

**Health & Blood donation camp:**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় আজ উদয়পুরের রাজর্ষিতে রক্তদান ও স্বাস্থ্য শিবিরের উদ্ভোধন করেন| উদয়পুর পুর পরিষদের নির্বাচিত প্রতিনিধিদের চতুর্থ বর্ষপূর্তি উপলক্ষে এই শিবিরের আয়োজন করা হয়|

******************************

**Blood Donation:**

কৈলাশহর রামকৃষ্ণ মিশন আশ্রমের উদ্যোগে আজ আশ্রম চত্বরে এক স্বেচ্ছা রক্তদান শিবির অনুষ্ঠিত হয়। পরমপুরুষ রামকৃষ্ণ পরমহংস দেবের 191 তম জন্মতিথি'কে সামনে রেখে এই রক্তদান শিবিরের আয়োজন। এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন,কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়, রামকৃষ্ণ মিশন আশ্রমের সম্পাদক স্বামী গিরিজানন্দজী মহারাজ প্রমুখ। শিবিরে 12 জন মহিলা সহ 55 জন স্বেচ্ছায় রক্তদান করেন।

******************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২২শে ফেব্রুয়ারী, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন| এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩১তম পর্ব| প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন| my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন| এছাড়াও TOLL FREE NO.

1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে| ফোনলাইন এমাসের ২০ তারিখ পর্যন্ত খোলা থাকবে|

******************************

**Update Akashvani :** **********

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে|

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ|

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা|

******************************

**PM-AI:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আগামীকাল নতুন দিল্লিতে ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট এক্সপো ২০২৬-এর উদ্বোধন করবেন। ইন্ডিয়া এআই ইমপ্যাক্ট সামিট ২০২৬-এর পাশাপাশি পাঁচ দিনের এই এক্সপো অনুষ্ঠিত হচ্ছে এবং এটি কৃত্রিম বুদ্ধিমত্তার জাতীয় নিদর্শন হিসাবে কাজ করবে। এটি অস্ট্রেলিয়া, জাপান, রাশিয়া, যুক্তরাজ্য, ফ্রান্স, জার্মানি, ইতালি, নেদারল্যান্ডস, সুইজারল্যান্ড, সার্বিয়া, এস্তোনিয়া, তাজিকিস্তান এবং আফ্রিকা সহ ১৩টি দেশের প্যাভিলিয়নে প্রদর্শিত হবে, যা এআই ইকোসিস্টেমে আন্তর্জাতিক সহযোগিতা সৃষ্টি করবে। অনুষ্ঠান চলাকালীন ৫00টিরও বেশি সেশনের আয়োজন করা হবে।

*****************************

**Amit Saha:**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ দেশের কৃষক সম্প্রদায়ের প্রতি নরেন্দ্র মোদী সরকারের প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে নিশ্চিত করেছেন যে, সমস্ত আন্তর্জাতিক বাণিজ্য চুক্তিতে কৃষক, গবাদি পশু পালনকারী এবং জেলেদের স্বার্থ সুরক্ষিত থাকবে। শ্রী শাহ আজ গুজরাটের গান্ধীনগরের মহাত্মা মন্দিরে দেশের প্রথম সেন্ট্রাল ব্যাংক ডিজিটাল কারেন্সি (সিবিডিসি)-ভিত্তিক গণ বিতরণ পদ্ধতি সূচনার পর একথা বলেন। তিনি বলেন, নতুন ডিজিটাল টোকেন-ভিত্তিক গণ বন্টন ব্যবস্থা দুর্নীতি দূর করবে এবং বন্টন প্রক্রিয়ায় স্বচ্ছতা আনবে।

#########Amit Shah Byte#########

অনুষ্ঠানে কেন্দ্রীয় ভোক্তা বিষয়ক, খাদ্য ও গনবন্টন মন্ত্রী, প্রহ্লাদ জোশী ঘোষণা করেন, এই উদ্যোগ শীঘ্রই চণ্ডীগড়, পুদুচেরি এবং দাদরা ও নগর হাভেলির মতো কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে চালু হবে। গুজরাট ভারতের রিজার্ভ ব্যাঙ্ক-অনুমোদিত কেন্দ্রীয় ব্যাঙ্ক ডিজিটাল মুদ্রা ব্যবহার করে PDS ভর্তুকি স্থানান্তর করার ক্ষেত্রে দেশের প্রথম রাজ্য হয়ে উঠেছে।

এই উপলক্ষে শ্রী শাহ ভার্চুয়ালি আহমেদাবাদে 'অন্নপুর্তি' শস্য এটিএম উদ্বোধন করেন, যা মাত্র ৩৫ সেকেন্ডে ২৫ কিলোগ্রাম পর্যন্ত শস্য বিতরণ করতে পারে।

স্বরাষ্ট্রমন্ত্রী নর্মদা জেলায় অপুষ্টি মোকাবেলায় ‘সুপোশিত গরুদেশ্বর’ মিশনের সূচনা করেন।

*****************************

**PM-UCF:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় মন্ত্রিসভা কর্তৃক আরবান চ্যালেঞ্জ ফান্ড (UCF)-এর জন্য এক লক্ষ কোটি টাকার অনুমোদনকে স্বাগত জানিয়েছেন।

সামাজিক মাধ্যমে, শ্রী মোদি বলেন, এই তহবিল নাগরিক নির্ভর উচ্চমানের নগর পরিকাঠামো সংস্কার এবং বাজারের অর্থ, ব্যক্তিগত অংশগ্রহণ সুবিধা দেবে। তিনি বলেন, এই উদ্যোগ শহরগুলোকে দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধির মূল চালিকাশক্তি হিসেবে গড়ে তুলবে। আরবান চ্যালেঞ্জ ফান্ড (UCF), স্বরাষ্ট্র ও নগর বিষয়ক মন্ত্রকের একটি কেন্দ্রীয় স্পনসরড স্কিম যার মোট কেন্দ্রীয় সহায়তা এক লক্ষ কোটি টাকা। চলতি অর্থ বছর থেকে ২০৩০-৩১ পর্যন্ত  এই তহবিল কার্যকর হবে, ২০৩৩- ৩৪ সাল পর্যন্ত বর্ধিত বাস্তবায়ন সময়কাল সহ। এর ফলে আগামী পাঁচ বছরে নগর খাতে মোট চার লাখ কোটি টাকা বিনিয়োগ হবে।

******************************

**Weather:**

আগামীকাল আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। সকালে হালকা কুয়াশা পড়ার সম্ভাবনা রয়েছে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৯.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩০ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের  কাছাকাছি থাকতে পারে।

******************************

**CRICKET FINAL:**

উদয়পুর স্পোর্টস কমপ্লেক্স গ্রাউন্ডে আয়োজিত তৃতীয় বর্ষ রঞ্জিত সিংহ রায় নকআউট ক্রিকেট টুর্নামেন্টে অজয় একাদশ চ্যাম্পিয়ান হয়েছে| আর কে পুর যুব  ও মহিলা মোর্চা আয়োজিত এই আসরের ফ্যাইনালে আজ অজয় একাদশ ১০৩ রানে উদয়পুর ইউথ ক্লাবকে হারিয়ে দেয়| এবারের এই টুর্নামেন্টে রাজ্যের বিভিন্ন এলাকা থেকে ৩২টি দল অংশ নিয়েছিল।

আজকের ফাইনাল খেলায় উপস্থিত ছিলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়, গোমতী জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় ও অন্যান্যরা|

******************************

**Gen.Padmajang Football:**

কৈলাশহরের কলেজ স্টেডিয়ামে আয়োজিত জেনারেল পদ্মজং স্মৃতি আমন্ত্রণমূলক ফুটবল টুর্নামেন্টের আজকের দ্বিতীয় সেমি-ফাইন্যালে মনিপুরের ট্রাউ (TRAU) দল জয়লাভ  করেছে। তারা মনিপুরের নেরোকা F.C দল'কে এক-শূন্য গোলের ব্যবধানে পরাজিত করে। ট্রাই এর পক্ষে জয়সূচক গোলটি করেন আফ্রিদি। আজকের খেলায় উপস্থিত ছিলেন, ক্রীড়ামন্ত্রী টিংকু রায় সহ বিশিষ্ট জনেরা।

******************************

**Naidu Trophy:**

কর্নেল সিকে নাইডু ট্রফি অনূর্ধ্ব ২৩ বছরের ক্রিকেটের চারদিনের খেলায় অন্ধ্রপ্রদেশের বিরুদ্ধে ত্রিপুরা ইনিংস ও ১৩১ রানে পরাজিত হয়েছে। মুলাপাদুর ডি ভি আর মাঠে ২ উইকেটে ১৯৭ রান থেকে খেলতে নেমে তৃতীয় দিনে আজ রাজ্যদল প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ২৮৬ রান করে। ২৮৩ রানে পিছিয়ে থেকে দ্বিতীয় ইনিংসে খেলতে নেমে ১৫২ রানে রাজ্যদলের সবাই আউট হয়ে যায়। এর আগে স্বাগতিক অন্ধ্রপ্রদেশ প্রথম ইনিংসে ৫৬৯ রান করেছিল।

******************************

******************************